গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ নৌপরিবহন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন কোরিয়ান সহায়তাপুষ্ট "Establishment of Global Maritime Distress and Safety System & Integrated Maritime Navigation System (EGIMNS)" শীর্ষক প্রকল্পের ৩য় স্টিয়ারিং কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	জনাব মোঃ আবদুস সামাদ সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ	ঃ	০৬/০৫/২০১৮ খ্রিঃ।
সময়	ঃ	দুপুর ১২.৪৫ ঘটিকা।
স্থান	ঃ	নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	ঃ	পরিশিষ্ট– "ক"তে সন্নিবেশিত হলো।

২। আলোচনাঃ

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হলে প্রকল্প পরিচালক জানান যে, উপকূলীয় এলাকায় ৭টি লাইট হাউজ, কোষ্টাল রেডিও ষ্টেশন, ঢাকায় কমান্ড ও কন্ট্রোল সেন্টার স্থাপন, নৌ নিরাপত্তা জোরদার করণ, মেরিটাইম সার্চ এন্ড রেসকিউ ইত্যাদি উদ্দেশ্যে প্রকল্পটি গৃহীত হয়েছে। প্রকল্প পরিচালক জানান দুবলারচর এবং পাথরঘাটায় বিটিসিএল ২টি টাওয়ার আছে। টাওয়ার দু'টির মধ্যবর্তী দূরত্ব প্রায় ৫২ কিলোমিটার হওয়ায় ট্রান্সমিশন খুবই দুর্বল। এই কারনে মধ্যবর্তী জায়গায় ৭৫ মিটার উচ্চতা বিশিষ্ট প্রায় ৩০০ কিলোমিটার বাতাসের বেগ প্রতিরোধী স্টীল টাওয়ার নতুনভাবে স্থাপন করতে হবে। দুবলার চর ও সেন্টমার্টিনে ঢাকাস্থ কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টারের সথে রিডানডেন্সীর ব্যবস্থা না থাকায় স্যাটেলাইট ব্যাক আপের ব্যবস্থা করতে হবে। ৭টি কোষ্টাল রেডিও ষ্টেশনে সাপ্লাইয়ার কর্তৃক ডিজাইনকৃত টাওয়ারসমূহ অনুমোদন করতে হবে। এ কাজগুলো প্রকল্প পরিচালক বুয়েট কর্তৃক ভেরিফিকেশন করতে হবে বলে জানান। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি, বুয়েট কর্তৃক ভেরিফিকেশনের বিষয় কোরীয় দাতা সংস্থা Economic Development Cooperation Fund (EDCF) সাথে স্বাক্ষরিত MOU তে বলা আছে কিনা; জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান এ বিষয়ে উল্লেখ না থাকলেও অধিকতর টেকসই করার জন্য BUET এর ভেরিফিকেশন প্রয়োজন। মর্মে মতামত পাওয়া গিয়েছে। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বলেন, MOU তে উল্লেখ না থাকলে EDCF এ বিষয়ে আগ্রহ দেখাবে না।

৩। জমি সংক্রান্ত বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্প এলাকা অনুযায়ী পর্যায়ক্রমে আলোচনার অনুরোধ জানানো হলে প্রকল্প পরিচালক জানান, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক নৌপরিবহন অধিদপ্তরের অনুকূলে শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকায় প্লট এফ-১২/সি-১ এ ১৫ কাঠা জমি বরাদ্দ দেয়া হয়েছে। বিডিং ডকুমেন্টে ১১ তলা ভিত্তিসহ ৮ তলা ভবন নির্মাণ করা হবে মর্মে উল্লেখ থাকলেও ইডিসিএফ কনসালটেন্টের পক্ষ হতে ভিত্তিসহ ৮ তলার নকশা প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে ইডিসিএফ কনসালটেন্ট এর সাথে যোগাযোগ করা হলে তারা তাদের প্রেরিত নকশা চূড়ান্ত মর্মে প্রকল্প পরিচালককে জানিয়েছেন। এ বিষয়ে সভাপতি বলেন ডিপিপি অনুযায়ী কাজ করতে হবে প্রয়োজনে MOU অনুযায়ী বিল্ডিং স্ট্রাকচার করার বিষয়ে ইআরডি এর মাধ্যমে Economic Development Cooperation Fund (EDCF) কে চিঠি দিতে হবে। কক্সবাজারের সদরে লাইট হাউজ নির্মাণের জন্য ৫.২৭ এর জমি যা নৌ বাণিজ্য দপ্তরের দখলে রয়েছে তা নৌপরিবহন অধিদপ্তরের অনুকূলে বরাদ্দের জন্য জেলা প্রশাসকের বরাবর আবেদন করলে এখনো সুরাহা হয়নি। সভাপতি বলেন লাইট হাউজ নির্মাণের কাজ শুরু এবং জমি বন্দোবস্তের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ করার নির্দেশনা দেন। কুতুবদিয়ার ৪.৬৩ একর জমিতে লাইট হাউজ নির্মাণের বিষয়ে প্রকল্প পরিচালক বলেন, ইডিসিএফ কনসালটেন্ট এখনো বিল্ডিং এর নকশা দেননি। নকশা পাওয়া গেলে ভবন নির্মাণের কাজ শুরু করা যাবে। এখানে নদীতে বাঁধ নির্মাণ করতে হবে যার প্রাক্কলিত ব্যয় পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নৌপরিবহন অধিদপ্তরকে জানানো হয়েছে। সেন্টমার্টিনের ০.৩৮ একর জমিতে ভবনের নকশা পাওয়া সাপেক্ষে নির্মাণকাজ শুরু করা যাবে। নিঝুমদ্বীপ, নোয়াখালীতে ২.৪৭ একর জায়গায় লাইট হাউজ নির্মাণের বিষয়ে প্রকল্প পরিচালক জানান, হাইকোর্ট কর্তৃক নিষেধাজ্ঞা আছে। নিস্পত্তি হলে ভবন নির্মাণ করা যাবে। কার্যক্রম বিভাগের প্রতিনিধি বলেন নিঝুমদ্বীপ Environmentaly Critical Area (ECA), এখানে স্থাপনা নির্মাণ করতে হলে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন প্রয়োজন হবে। দুবলারচরে ১.০০ একর ও ঢালচরের ৫.৪৪ একর জমিতে নকশা পেলে অনুমোদন সাপেক্ষে নির্মানকাজ শুরু করা হবে। উল্লিখিত এলাকা দু'টি নদী ভাঙ্গনের কবলে থাকায় বাঁধ নির্মাণ করতে হবে। কুয়াকাটা লাইট হাউজ স্থাপনের লক্ষ্যে ১০.৫০ একর জমির বি এস খতিয়ান অনুসারে নামজারী প্রক্রিয়াধীন রয়েছে।

৪। প্রকল্পে নতুন কম্পোনেন্ট সংযুক্ত হলে ডিপিপি সংশোধনের প্রয়োজন হতে পারে মর্মে যুগ্ম-প্রধান সভাকে অবহিত করেন। মূলত: প্রকল্পের উল্লেখযোগ্য কোন অগ্রগতি সাধিত না হওয়ায় নতুন প্রকল্প পরিচালককে Proactive ভূমিকা পালন করতে হবে মর্মে তিনি মতামত দেন। সাপ্লাইয়ার কর্তৃক আমদানীকৃত যন্ত্রপাতি সংরক্ষেণের জন্য গুদামের বিষয়ে আলোচনা করলে সভাপতি বিআইডব্লিউটিসি এর অফিস ভবনে রাখার বিষয়ে মতামত দেন। সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

(ক) বিডিং ডকুমেন্ট অনুযায়ী বিল্ডিং এর নকশা করতে হবে এবং প্রয়োজনে ইআরডি এর মাধ্যমে ইডিসিএফ'কে পত্র প্রেরণ করতে হবে।
(খ) ভূমি বন্দোবস্তের বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।
(গ) যে সকল জায়গায় বাঁধ নির্মাণ করতে হবে সেখানে পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ জানাতে হবে।
(ঘ) আমদানিকৃত যন্ত্রপাতি সংরক্ষণের জন্য বিআইডব্লিউটিসি এর অফিস ভবন ব্যবহার করা যেতে পারে অথবা ঠিকাদারী প্রতিষ্ঠান মালামাল কোথায় রাখবে এ বিষয়ে ঠিকাদারী প্রতিষ্ঠান ব্যবস্থা নিতে পারে।
(ঙ) প্রকল্প সংক্রান্ত সমস্যাগুলো সমন্বিতভাবে মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে ত্রিপক্ষীয় সভার (Tripartite Review Meeting) মাধ্যমে নিষ্পত্তির জন্য ইআরডি'কে উদ্যোগ নেয়ার জন্য অনুরোধ জানানো হবে।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/
তাং-১৭/০৫/২০১৮
(মোঃ আবদুস সামাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

স্মারক নং-১৮.০২২.১৭০.০১৪.০০১.২০১৩/৭১ তারিখঃ ২০/০৫/২০১৮ খ্রিঃ।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃঃ আঃ মহা-পরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ)।
২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৬। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৭। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
৮। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ ঢাকা-১০০০।
৯। প্রকল্প পরিচালক, ''Establishment of GMDSS and Integrated Maritime Navigation System (EGIMNS)'' শীর্ষক প্রকল্প ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

20.05.2018
এস. এম. আলমগীর
সহকারী প্রধান
ফোনঃ-৯৫১৪৪৭৬

E:\and folder\Planning-3\DOS\GMDSS\Letter.docx